PNL

# বার্তা
আমরা মানের কথা বলি

একটি ত্রৈমাসিক প্রকাশনা / ৯ম সংখ্যা, সেপ্টেম্বর ২০১৯




সাফায়েত আফতাব ফাহিম    মোঃ নুরুল হক চৌধুরী

লক্ষ্যে পৌঁছানোর ৭টি প্রয়োজনীয় পদক্ষেপ ২

দেশীয় বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠানকে স্পন্সর করছে পেডরোলো ৩

ট্যালেন্ট অব দি কোয়ার্টার

ISO:9001 অডিট সাফল্যের সহিত উত্তরণের জন্য

## সম্পাদকীয়

সারাদেশে চলছে ডেঙ্গুর প্রাদুর্ভাব যা মৃত্যু পর্যন্ত ডেকে আনতে পারে। মশা একটি ক্ষুদ্র প্রাণী হলেও অধিকাংশ রোগ ব্যাধি ও মানুষের মৃত্যুর জন্য দায়ী। ডেঙ্গু জ্বরে আক্রান্ত হলে আতঙ্কিত না হয়ে অতিসত্ত্বর ডাক্তারের পরামর্শ নিন। যে কোন প্রয়োজনে হটলাইন নাম্বারে (০৯৬১১০০০৯৯৯) ফোন দিয়ে জানান। পরিষ্কার জমে থাকা পানিতে এডিস মশার জন্ম হয় যা ডেঙ্গু রোগের বাহক। তাই আপনার বাসার টবে কিংবা আশেপাশে জমে থাকা পানি নিয়মিত পরিষ্কার রাখুন। ডেঙ্গু থেকে রক্ষা পেতে প্রতিরোধই একমাত্র উপায়। সবাই সুস্থ ও নিরাপদে থাকুন। আমাদের এই সংখ্যায় থাকছে হিল প্লান্টেশন লিমিটেডের বার্ষিক সাধারণ সভার খবর, লক্ষ্য পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে বিশেষ ফিচার এবং পাম্প চালানোর টিপস সহ অন্যান্য সংবাদ।

## পানি নিয়ে যা কিছু অজানা

কথায় বলে, কিছু কাজ নাকি 'পানির মতো সহজ'। কিন্তু বিজ্ঞানের রাজ্যে পানি কিন্তু খুব সহজ পদার্থ নয়। পানি নিয়ে জানার আছে অনেক কিছু। চলুন জেনে নেই পানি সম্পর্কিত মজার কিছু তথ্য:

- পানি বলতে আমরা মূলত H2O এর তরল অবস্থাকে বুঝি। পানির কঠিন অবস্থাকে বরফ এবং বায়বীয় অবস্থাকে জলীয়বাষ্প বলা হয়।
- ভূপৃষ্ঠের প্রায় ৭০ ভাগই পানি দ্বারা আবৃত।
- পৃথিবীতে সবচেয়ে বেশি পানি রয়েছে তিনটি মহাসাগরে। প্রশান্ত মহাসাগর এর মাঝে সবচেয়ে বড়। দ্বিতীয় অবস্থানে রয়েছে আটলান্টিক মহাসাগর। আর ভারত মহাসাগর রয়েছে আকারের দিক থেকে তৃতীয় অবস্থানে। আমাদের বঙ্গোপসাগর কিন্তু এই ভারত মহাসাগরেরই একটা অংশ।
- প্রশান্ত মহাসাগরে রয়েছে মারিয়ানা ট্রেঞ্চ নামের এক অদ্ভুত জায়গা। এটি পৃথিবীর সবচেয়ে গভীরতম স্থান।
- চাঁদের ও সূর্যের টান এবং পৃথিবীর ঘূর্ণন গতির কারণে সমুদ্রে জোয়ার-ভাঁটার সৃষ্টি হয়। আর এই জোয়ার-ভাঁটার জন্যেই সমুদ্রের পানিতে ঢেউ দেখা যায়।
- প্রতি এক কেজি সমুদ্রের পানিতে প্রায় ৩৫ গ্রাম লবণ পাওয়া যায়।
- সাধারণ পানি ০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় বরফে পরিণত হয়। কিন্তু সমুদ্রের পানিতে লবণ থাকায় তা ২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায়ই বরফে পরিণত হয়ে যায়।
- বিশুদ্ধ পানির কোনো স্বাদ বা গন্ধ নেই।
- সুদূর মঙ্গল গ্রহের পোলার আইস ক্যাপে বরফ অবস্থায় পানির অস্তিত্ব পাওয়া গেছে। মঙ্গল গ্রহে প্রাণের অস্তিত্ব আছে কিনা- এ বিতর্কের পথে এই আবিষ্কারটি ছিলো একটি মস্ত বড় অগ্রগতি।

## হিল প্লান্টেশন লিমিটেডের ২৮তম-৩৪তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




মহামান্য হাইকোর্ট অব বাংলাদেশ কর্তৃক নিযুক্ত স্বতন্ত্র চেয়ারম্যান এডভোকেট জনাব একেএম বদরুদ্দোজা, এর অধীনে হিল প্লান্টেশন লিমিটেড (রামগড় চা বাগান) এর ২৮তম -৩৪তম বার্ষিক সাধারণ সভা গত ২৯শে জুন ২০১৯ ইংরেজী রোজ শনিবার সকাল ১০টায় এন এল আই টাওয়ার, ৫৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ ঢাকায় অনুষ্ঠিত হয়। উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার হোল্ডারগণ উক্ত সাধারণ সভায় উপস্থিত ছিলেন।

বার্ষিক সাধারণ সভায় গত ৭ বছরের কোম্পানির বার্ষিক প্রতিবেদন ও নিরীক্ষিত হিসাব বিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়।

পরিচালক জনাব নাদের খান কে পরবর্তী ৫(পাঁচ) বছরের জন্য ব্যবস্থাপনা পরিচালক হিসাবে নিয়োগ অনুমোদিত হয়। যাদের নিয়ে প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ পূনর্গঠিত হয় তারা হলেন যথাক্রমে, জনাব আজম জে চৌধুরী, জনাব মতিউর রহমান, জনাব নাদের খান, জনাব ডুরান্ড মেহদাদুর রহমান, জনাবা হাসিনা খান, জনাব ইমরান খান, জনাব ডাঃ শামীম খান, জনাব নাবিন আনোয়ার।

## ড্রেনেজ পাম্প চালানোর টিপস

- ড্রেনেজ পাম্প চালানোর পূর্বে অবশ্যই ইমপেলার ময়লা, কাঁদা বা সলিড কিছু দ্বারা ব্লক কিনা দেখে চালাবেন।
- ড্রেনেজ পাম্প চালানোর সময় বা নাড়াচাড়া করার সময় তার ধরে টানাটানি করবেন না, এতে তার নষ্ট হতে পারে।
- ড্রেনেজ পাম্পে ফ্লোট সুইচ ব্যবহার করুন এবং লুজ সংযোগ প্লাগ দিয়ে পাম্প চালাবেন না।

## কোরআনের আলোকে পানি

আর তিনিই সে সত্তা; যিনি তাঁর রহমত বৃষ্টির আগে বায়ু প্রবাহিত করেন সুসংবাদ হিসেবে, অবশেষে যখন সেটা ভারী মেঘমালা বয়ে আনে তখন আমি সেটাকে মৃত জনপদের দিকে চালিয়ে দেই, অতঃপর তার দ্বারা বৃষ্টি বর্ষণ করি, তারপর তা দিয়ে সব রকমের ফল উৎপাদন করি। এভাবেই আমি মৃতদেরকে বের করব, যাতে তোমরা উপদেশ গ্রহণ কর। (সূরা - আল আ'রাফ, আয়াত - ৫৭)

# আপনার চাওয়া ও পাওয়া পূরণে মেনে চলুন ৭টি প্রয়োজনীয় পদক্ষেপ



**পদক্ষেপ একঃ** আপনি আসলে কি চান?

প্রথমে চিন্তা করে বের করুন আপনি আসলে কি চান, আপনার লক্ষ্য এবং উদ্দেশ্য কি? প্রয়োজনে বিচক্ষণ ব্যক্তির সাথে আলোচনা করুন যতক্ষণ না আপনি আপনার লক্ষ্য ও উদ্দেশ্যে সম্পর্কে স্বচ্ছ ধারনা অর্জন করেন। স্টিফেন কোভে এই ব্যাপারে বলেনঃ "সাফল্যের জন্য কোন মইতে আরোহণের আগে নিশ্চিত হোন মইটি সঠিক লক্ষ্যে লাগানো রয়েছে কিনা।"

**পদক্ষেপ দুইঃ** লিখে রাখুন

যখন আপনার লক্ষ্য কাগজে লিখে রাখবেন তখন সেই লক্ষ্য আরো বাস্তব ও স্বচ্ছ হয়ে আপনার কাছে ধরা দেবে। ফলে আপনি সহজেই আপনার লক্ষ্যকে দেখতে ও স্পর্শ করতে পারবেন। কিন্তু আপনি যদি লিখে না রাখেন তবে তা কেবল মাত্র আপনার ইচ্ছে কিংবা কল্পনা মনে হবে। অলিখিত লক্ষ্য কেবল বিশৃঙ্খলা ও অস্পষ্টতা তৈরি করে এবং ভুল পথে পরিচালিত করে।

**পদক্ষেপ তিনঃ** লক্ষ্য অর্জনের সময় নির্ধারণ করুন

লক্ষ্য অর্জনের জন্য একটা সময় নির্ধারণ করুন। কেননা সময় নির্ধারণ ছাড়া কোন লক্ষ্য বা সিদ্ধান্তের শুরু বা শেষ থাকেনা। ফলে লক্ষ্য অর্জন হয়না।

**পদক্ষেপ চারঃ** লক্ষ্য অর্জনে যা যা করতে হবে তার তালিকা করুন

যেকোন লক্ষ্য অর্জন অনেক গুলো ছোট ছোট কাজের সমন্বয়। আপনাকে যা যা করতে হবে তার সম্পূর্ণ তালিকা করুন। যা আপনাকে আপনাকে লক্ষ্য অর্জনে কি কি করতে হবে সে বিষয়ে একটা সম্যক ধারনা দেবে।

**পদক্ষেপ পাঁচঃ** পরিকল্পনা সাজান

অগ্রাধিকার ও ক্রমানুযায়ী আপনার পরিকল্পনা সাজান। কোন কাজটা আগে এবং পরে করতে হবে তা কিছুটা সময় নিয়ে ভাবুন এবং সে মোতাবেক সিদ্ধান্ত নিন। প্রতিটা কাজের সাথে আপনার লক্ষ্যের কি সম্পর্ক তা কাগজে লিখে রাখুন। ফলে লক্ষ্য অর্জনে ক্রমানুযায়ী সেই কাজ করা আপনার জন্য সহজ হয়ে যাবে।

**পদক্ষেপ ছয়ঃ** পরিকল্পনার সাথে সাথে কাজে নেমে পড়ুন

পরিকল্পনা করার সাথে সাথে কাজে নেমে পড়ুন। একটা অসাধারণ পরিকল্পনা নিয়ে বসে থাকার চেয়ে একটা সাধারণ পরিকল্পনা কার্যকর করা অনেক উত্তম।

**পদক্ষেপ সাতঃ** দিনের কাজ দিনে শেষ করুন যা আপনাকে লক্ষ্যে অর্জনের পথে নিয়ে যাবে। সবসময় আপনার পরিকল্পনায় অটল থাকুন এবং দিনের কাজ দিনে শেষ করুন। দীর্ঘসূত্রিতা পরিহার করুন যা আপনাকে সাফল্য অর্জনের পথে পিছিয়ে দেবে।

আপনার লক্ষ্য পূরণে আমাদের শুভকামনা রইল।

# রাজউক উত্তরা এপার্টমেন্ট প্রকল্পে পেডরোলোর পাম্প স্থাপন





গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়িত রাজউক উত্তরা এপার্টমেন্ট প্রকল্পে সফলভাবে পাম্প স্থাপন করেছে পেডরোলো এনকে লিমিটেড। উত্তরা ১৮ নম্বর সেক্টরে বাস্তবায়িত এই প্রকল্প ছিল সরকারের অন্যতম বড় প্রকল্প। এই প্রকল্পের ৭৯টা বিল্ডিং এ সর্বমোট ২৩৭ টা পেডরোলো মাল্টি স্টেজ সেন্ট্রিফিউগাল পাম্প স্থাপন করে পেডরোলো অসাধারণ দক্ষতার পরিচয় দিয়েছে যা সর্বমহলে প্রশংসিত হয়েছে। তাছাড়া একই প্রকল্পের অধীনে "পেডরোলো সুয়ারেজ সাবমার্সিবল পাম্প" স্থাপন করার জন্য পেডরোলো কার্যক্রম শুরু করেছে। বিগত দিনে সরকারী বিভিন্ন প্রকল্পে পেডরোলো সহযোগিতা করে সবার আস্থা অর্জন করেছে। পেডরোলো সবসময় চেষ্টা করে গ্রাহকের প্রয়োজন অনুযায়ী অত্যাধুনিক পানির পাম্প সরবরাহ ও স্থাপন করে তাদের সর্বোচ্চ সন্তুষ্টি অর্জন করতে। আন্তর্জাতিক মানের বিভিন্ন পণ্য ও নিরবচ্ছিন্ন সেবা দিয়ে পেডরোলো বর্তমানে বাংলাদেশ অন্যতম শীর্ষস্থানীয় পানির পাম্পের প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি পেয়েছে।

# দেশীয় বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠানকে স্পন্সর করছে পেডরোলো



দেশীয় বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান অ্যাডভান্স ডায়নামিকস লিমিটেড (এডিএল) দূষণমুক্ত পরিবহন এবং জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে দেশে তৈরি প্রথম সৌরবিদ্যুত চালিত গাড়ি তৈরি করেছে। গাড়িটি প্রতিবার পূর্ণ চার্জে প্রতি ঘণ্টায় ৬০ কিলোমিটার গতিতে, সৌর-বিদ্যুৎসহ ১৮০ কিলোমিটার চলাচল করতে পারে। এডিএলের মোটর স্পোর্টস ব্র্যান্ড টাঙ্গুয়ার রেসিং টিম এই গাড়ি নিয়ে টেকনাফ থেকে তেঁতুলিয়া পর্যন্ত ২০০০ কিলোমিটার ভ্রমণ করে। এই আয়োজনের অন্যতম সহযোগী প্রতিষ্ঠান ছিল পেডরোলো এনকে লিমিটেড। আগামী বছর বাংলাদেশ থেকে জীবাশ্ম জ্বালানিবিহীন গাড়ির প্রতিযোগিতায় অংশ নেবে টাঙ্গুয়ার রেসিং টিম। দেশের প্রথম গাড়ি হিসেবে এইটি ডে রেস (80 Day Race) নামক বৈদ্যুতিক গাড়ি পরিভ্রমণের আন্তর্জাতিক প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করবে বাংলাদেশের পতাকা নিয়ে। যেখানে তারা প্রতিদ্বন্দ্বিতা করবে মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্সসহ বিশ্বের বিভিন্ন দেশের শক্তিশালী প্রতিযোগীদের সঙ্গে।

## পিএনএল এ্যালবাম



হিল প্লান্টেশন লিমিটেডের বার্ষিক সাধারণ সভায় বক্তব্য পেশ করছেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খান



হিল প্লান্টেশন লিমিটেডের সম্মানিত পরিচালকগণ



হিল প্লান্টেশন লিমিটেডের নব নির্বাচিত ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খানকে ফুল দিয়ে অভিনন্দন



হিল প্লান্টেশন লিমিটেডের সম্মানিত পরিচালকদের ফুলেল শুভেচ্ছা প্রদান

## ডিজিটাল সেবা প্রদানে স্পিকার কাউন্সিলের সাথে এযেডনিওর চুক্তি




স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান স্পিকার কাউন্সিল উন্নত ব্যবস্থাপনার প্রেক্ষিতে বিভিন্ন ডিজিটাল সেবা ও সমাধানের জন্য নেতৃত্বস্থানীয় কনসালট্যান্ট এজেন্সি এযেডনিও লিমিটেডের সাথে একটি চুক্তি স্বাক্ষর করেছে। এই চুক্তির আওতায় এযেডনিও লিমিটেড স্পিকার কাউন্সিলের বিভিন্ন ফ্যাকাল্টি, শিক্ষার্থী, শ্রেনিকক্ষ ও বইয়ের উন্নত ব্যবস্থাপনায় সহায়তা করবে। যার ফলে সব কিছুতে স্বচ্ছতা নিশ্চিত হবে।

এই ডিজিটাল সেবার মাধ্যমে শিক্ষার্থীরা নিজেরাই ব্যাচ ট্রান্সফার, মেইক আপ ক্লাস, মৌখিক পরীক্ষা, শিডিউল অনলাইনে জানতে পারবে। কর্তৃপক্ষ এই পদ্ধতিতে শিক্ষার্থীদের ডাটাবেইজ সংরক্ষণের পাশাপাশি এসএমএস ও সামাজিক মিডিয়ার মাধ্যমে শিক্ষার্থীদের সাথে সহজে যোগাযোগ স্থাপন করবে। যা কর্তৃপক্ষ ও শিক্ষার্থীদের মধ্যে একটি সুসম্পর্ক নিশ্চিতে অবদান রাখবে।

## বাংলাদেশের বাজারে সুবারু ইমপ্রেজা



REL মোটরস বাংলাদেশের বাজারে নিয়ে এসেছে জাপানী ব্র্যান্ড সুবারুর অত্যাধুনিক বিলাসবহুল গাড়ি ইমপ্রেজা। দৃষ্টিনন্দন নকশায় তৈরি গাড়িটিতে রয়েছে চার সিলিন্ডার ও ফোর স্ট্রোক পেট্রোল বক্সার ইঞ্জিন যা ১৬০০ সিসি সমৃদ্ধ। ১৭ ইঞ্চি এলুমিনিয়াম হুইল বিশিষ্ট এই গাড়িতে নিরাপত্তার জন্য রয়েছে সাপ্লিমেন্টাল রিস্ট্রেইন সিস্টেম এয়ারব্যাগস এবং এ্যাপল কার প্লে ও স্বনিয়ন্ত্রিত এন্ড্রয়েড টাচ স্ক্রিন অডিও সিস্টেম। গাড়ির ইন্টেরিয়র ও আসন যথেষ্ট প্রশস্ত যা আপনাকে আরামদায়ক ভ্রমণের অভিজ্ঞতা দেবে। পছন্দের গাড়ি কেনার পূর্বে রয়েছে টেস্ট ড্রাইভের সুযোগ। গাড়ি ক্রয়ের সাথে REL মোটরস দিচ্ছে পঞ্চাশ হাজার কিলোমিটার কিংবা তিন বছর পর্যন্ত ওয়ারেন্টি এবং রয়েছে বাই ব্যাক সুবিধা।

বিস্তারিত জানতে আমাদের কল করুন: +৮৮ ০১৮৪৪ ৪৯৪ ৪৪৪

## গুলশানে হালদা ভ্যালির টি বুটিক শপ চালু




হালদা ভ্যালি দেশের বাজারে উৎপাদন করছে উন্নত প্রজাতির চা। এই চায়ের মাঝে রয়েছে চীনের বিখ্যাত ড্রাগন ওয়েল গ্রিন টি ও সারাবিশ্বে সমাদৃত সিলভার নিডল হোয়াইট টি যা দেশে বাজারজাতের পাশাপাশি বিদেশেও রপ্তানি করা হয়। হালদা ভ্যালি উৎপাদিত চায়ের অসাধারণ স্বাদের অভিজ্ঞতা দিতে সম্প্রতি রাজধানীর গুলশানে চালু হলো "শেফ টেবল" নামে হালদা ভ্যালির টি বুটিক শপ। এখান থেকে গ্রাহকেরা সহজেই হালদা ভ্যালি উৎপাদিত বিভিন্ন রকম ও ফ্লেভারের চায়ের স্বাদ নিতে পারবেন। বর্তমানে ফ্লেভারের মধ্যে রয়েছে হালদা ভ্যালি স্পেশাল টি, পারসিয়ান টি, মরোক্কান মিন্ট টি, টার্কিশ ট্রেডিশনার টি, মাগরেবি হানি টি সহ প্রায় ১৮ রকম ফ্লেভারের চা।

**বুটিক শপের ঠিকানাঃ** ইউনিমার্ট, লেভেল ২, রোড - ৯০, গুলশান- ২, ঢাকা।

## পণ্য পরিচিতিঃ ফিশ-পন্ড পাম্প

(কম দামে মাছ চাষের পাম্প)



Flow : 80m3/hour

আপনার পুকুরে মৎস্য চাষের জন্য উপযোগী ও অক্সিজেন সরবরাহের জন্য আমাদের রয়েছে বিজিফ্লো ব্র্যান্ডের বিদ্যুৎ সাশ্রয়ী ফিশ-পন্ড পাম্প। এই পাম্প ব্যবহারে নির্দিষ্ট আয়তনের পুকুরে মাছের সর্বোচ্চ উৎপাদন নিশ্চিত করে। বর্তমানে আমাদের রয়েছে এইচপি ০.৩৩ ক্ষমতা সম্পন্ন MPQ 250 মডেলের সিঙ্গেল ফেইজ পাম্প। প্রতি ৫০ শতক আয়তনের পুকুরের জন্য একটি পাম্প প্রযোজ্য। পাম্পটি পানির ৩ ফিট নিচে স্থাপন করতে হবে। পাম্পটির বায়ু গ্রহণ ক্ষমতা ঘন্টায় ১২ ঘনমিটার যা পানিতে সর্বোচ্চ ৮০ ঘনমিটার পর্যন্ত প্রবাহ সৃষ্টি করে। আশা করি নতুন এই ফিশ-পন্ড পাম্প আপনার মৎস্য চাষকে সফল করবে।



বার্তা সম্পাদকীয়, প্রকাশনা ও পরিচালনায়ঃ এযেডনিও লিমিটেড (বিজনেস প্রসেস আউটসোর্সিং এজেন্সী) www.az-neo.com